## ত্রিপুরা সরকার তথ্য ও সংস্কৃতি অধিকার

++++

স-১৪৮৬

আগরতলা,৪ অক্টোবর,২০২৪

## প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

"জেনেরিক মেডিসিনের সুবিধা থেকে বঞ্চিত রোগীরা, ক্ষোভ", এই শিরোনামে ৯ সেপ্টেম্বর ২০২৪ দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত সংবাদ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের পক্ষ থেকে প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, জেনেরিক ওষুধ যাতে স্বাস্থ্য প্রতিষ্ঠানগুলিতে উপলব্ধ হয়, সেদিকে রাজ্য সরকার সচেষ্ট। রাজ্যের বাইশটি স্বাস্থ্য প্রতিষ্ঠানে ত্রিপুরা মার্কফেড পরিচালিত জন ঔষধি কাউন্টারে জেনেরিক মেডিসিন যাতে স্বল্পমূল্যে রোগীরা পেতে পারেন সেই ব্যবস্থা রাখা হয়েছে। আরও দশটি স্বাস্থ্য প্রতিষ্ঠানে জন ঔষধি কাউন্টার স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে।

মহাকরণে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সচিব কিরণ গিত্যের পৌরহিত্যে গত ১২ আগস্ট এক উচ্চ পর্যায়ের সভায় জেনেরিক মেডিসিন যাতে জনগণ পর্যাপ্ত পরিমাণে ক্রয় করতে পারেন সেই বিষয়টি নিশ্চিত করার উপর গুরুত্ব আরোপ করা হয়।

একশ শতাংশ অত্যাবশ্যক ওষুধ যাতে উপলব্ধ রাখা হয় তার নির্দেশ মার্কফেডকে দেওয়া হয়। জেনেরিক মেডিসিন কাউন্টার যাতে ২৪  $\times$  ৭ খোলা থাকে সেই সিদ্ধান্তও নেওয়া হয়।

চিকিৎসকরা যাতে প্রেসক্রিপশনে জেনেরিক মেডিসিন লেখেন তার জন্য ২০২২ সালে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের তরফে নির্দেশ দেওয়া হয়েছিল। মহাকরণে অনুষ্ঠিত সভায় যে সমস্ত চিকিৎসকরা জেনেরিক মেডিসিন প্রেসক্রিপশনে লিখবেন তাদের পুরস্কৃত করার কিংবা সম্মানিত করার সিদ্ধান্তও নেওয়া হয়। প্রেসক্রিপশন অডিট যাতে গুরুত্ব দিয়ে করা হয় সে বিষয়েও সিদ্ধান্ত নেওয়া হয়।

আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালে রোগী কল্যাণ সমিতির স্টোরে পর্যাপ্ত পরিমাণে জেনেরিক মেডিসিন মজুদ রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এদিকে স্বাস্থ্য সচিবের নির্দেশে জিবিপি হাসপাতালে আগামীকালই টেন্ডার কমিটি বসছেন যাতে করে জিবিপি হাসপাতালে আরও দুটি জেনেরিক মেডিসিনের ফার্মেসি স্থাপন করা যায়।

উল্লেখ্য জিবিপি হাসপাতালের কাউন্টারে ওষুধের মজুতের হালহকিকৎ সরেজমিনে দেখার জন্য গত জুন মাসেও স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সচিব কিরণ গিত্যে জিবিপি হাসপাতাল পরিদর্শন করে জেনেরিক মেডিসিন যাতে চাহিদা অনুসারে মজুদ রাখা যায় তার জন্য প্রয়োজনীয় নির্দেশ দেন।

\*\*\*\*